গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ১৪/১২/২০২৫ খ্রি.

## ২০২৪ সনের মাষ্টার্স শেষবর্ষ নিয়মিত, অনিয়মিত ও ফলোন্নয়ন পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি
## মাষ্টার্স নিয়মিত-২০২৩-২০২৪, অনিয়মিত-২০২১-২০২২, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ

এতদ্বারা শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১০/১২/২০২৫ তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০২৪ সনের মাষ্টার্স শেষবর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত ফি ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ:

অনলাইনে ফরম পূরণ, পরীক্ষার ফি ও আবেদন ফরম বিভাগে জমা দেয়ার শেষ তারিখ: ২০/১২/২০২৫ খ্রি.
বিভাগ কর্তৃক অনলাইনে ভেরিফাই ও বিবরণী কলেজ অফিসে জমা দেয়ার শেষ তারিখ: ২২/১২/২০২৫ খ্রি.

**পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা: ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১০/১২/২০২৫ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তির শর্তাবলি প্রযোজ্য হবে।**

### নিয়মিত/অনিয়মিত/ফলোন্নয়ন শিক্ষার্থীদের পরীক্ষার ফি:

| নং | বিভাগের নাম | মোট ফি | নং | বিভাগের নাম | মোট ফি |
|---|---|---|---|---|---|
| ০১ | বাংলা বিভাগ | ৪১২৫/- | ১৩ | হিসাববিজ্ঞান বিভাগ | ৩৯৭৫/- |
| ০২ | ইংরেজি বিভাগ | ৪১২৫/- | ১৪ | ব্যবস্থাপনা বিভাগ | ৩৯৭৫/- |
| ০৩ | ইতিহাস বিভাগ | ৩৯৭৫/- | ১৫ | পদার্থবিজ্ঞান বিভাগ | ৩৮৩০/- |
| ০৪ | ইসলামের ইতিহাস বিভাগ | ৪১২৫/- | ১৬ | রসায়ন বিভাগ | ৪১৫৫/- |
| ০৫ | দর্শন বিভাগ | ৪১২৫/- | ১৭ | উদ্ভিদ বিজ্ঞান বিভাগ | ৪১৫৫/- |
| ০৬ | ইসলামিক শিক্ষা বিভাগ | ৩৯৭৫/- | ১৮ | প্রাণিবিদ্যা বিভাগ | ৪৪০৫/- |
| ০৭ | রাষ্ট্রবিজ্ঞান বিভাগ | ৪০২৫/- | ১৯ | ভূগোল ও পরিবেশ | ৪১৮০/- |
| ০৮ | সমাজবিজ্ঞান বিভাগ | ৪০২৫/- | ২০ | মনোবিজ্ঞান বিভাগ | ৪০৮০/- |
| ০৯ | সমাজকর্ম বিভাগ | ৪০২৫/- | ২১ | গার্হস্থ্য অর্থনীতি বিভাগ | ৩৯৫৫/- |
| ১০ | অর্থনীতি বিভাগ | ৩৯৭৫/- | ২২ | গণিত বিভাগ | ৩৮৭৫/- |
| ১১ | মার্কেটিং বিভাগ | ৩৯৭৫/- | ২৩ | পরিসংখ্যান বিভাগ | ৪১৫৫/- |
| ১২ | ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ | ৩৯৭৫/- | | | |

নন-কলেজিয়েট শিক্ষার্থীদের নন-কলেজিয়েট ফি ১৫০০/- টাকা
এবং যে সকল শিক্ষার্থী আইসিটি কোর্সে পরীক্ষা দিতে ইচ্ছুক সে সকল পরীক্ষার্থীদের ৭০০/- টাকা,
আইসিটি পরীক্ষার্থীদের মৌখিক পরীক্ষার কেন্দ্র ফি-৭৫/-টাকা যোগ করে ফরম পূরনের ফি জমা দিতে হবে।

ফলোন্নয়ন পরীক্ষার্থীদের ১পত্রসহ পরীক্ষার ফি=**১৩৫০/- টাকা**
ফলোন্নয়ন পরীক্ষার্থীদের পরবর্তীতে প্রতি কোর্স/পত্রকোডের জন্য ৪০০/- টাকা হারে যোগ করে ফি জমা দিতে হবে।

(প্রযোজ্য ক্ষেত্রে) যাদের মাঠকর্ম আছে তারা ১০০০/- টাকা ও যাদের থিসিস আছে তারা ১৫০০/- টাকা এবং টার্ম পেপার ফি-১৫০/- টাকা সংশ্লিষ্ট বিভাগে জমা দিবে।

ফলোন্নয়ন পরীক্ষার্থীদের মৌখিক পরীক্ষার কেন্দ্র ফি-৭৫ টাকা, (ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি-১৩০/ টাকা, পরবর্তী প্রতিদিনের জন্য ৭৫/- টাকা) পরীক্ষার দিন স্ব স্ব বিভাগে জমা দিবে।

**১. ফরম পূরণের ফরম ও ফি জমা দেয়া:**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েবসাইট www.7college.du.ac.bd থেকে ফরম পূরণের আবেদন ফরম ডাউনলোড করার পর **"উপায়/বিকাশ/রকেট/এমক্যাশ/সেলফিন (Biller ID: Eden Mohila College)"** এর মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে মাষ্টার্স ভর্তির শ্রেণী রোলনম্বর/ ঢাবির রেজিষ্ট্রেশন নম্বর ব্যবহার করে ফি পরিশোধ করতে হবে। ফি জমা দেয়ার পূর্বে বিভাগের নোটিশের অনুসারে মোবাইল ব্যাংকিং এ সঠিক ফি না দেখালে, ফি জমা না দিয়ে কলেজ অফিসে যোগাযোগ করতে হবে। **মাষ্টার্স শেষবর্ষ ছাত্রীদের পরীক্ষার আবেদন ফরমের সাথে ফরম পূরনের ফি জমাদানের রশিদ, লাইব্রেরি, হোস্টেল (প্রযোজ্য ক্ষেত্রে) হতে না-দাবি সনদ সংগ্রহ করে স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।**

১৪/১২/২৫
(অধ্যাপক ড. শামছুন নাহার)
আইডি নং-৯৫৩৫
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

২. ফলোন্নয়ন শিক্ষার্থীদের করনীয়ঃ

ফলোন্নয়ন শিক্ষার্থীদের প্রথমে কলেজের নিজস্ব অনলাইন সফটওয়ার (**www.edencollege.eshiksabd.com**) এ **ID-edenstudent, Password-edenstudent** দিয়ে প্রবেশ করে improvement অপশনে গিয়ে মাষ্টার্স ভর্তির শ্রেণী রোলনম্বর /রেজিষ্ট্রেশন নম্বর ইনপোট করে পত্র সংখ্যা (ঢাবির ফরম পূরনের আবেদন পত্রে যার জন্য যা প্রযোজ্য) সিলেক্ট করে সাবমিট করলেই নির্ধারিত ফরম পূরনের ফি মোবাইল ব্যাংকিং এ দেখাবে।

৪। বিভাগের করণীয়:

ক) বিভাগসমূহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি যথাযথভাবে অনুসরণ করে ছাত্রীদের ফরম পূরণ নিশ্চিত করবেন। শিক্ষার্থীর পূরণকৃত আবেদন ফরম বিভগে জমা রাখার সময় নোটিশের টাকার সাথে মিল আছে কিনা তা দেখে জমা নিবেন (যেমন- পরীক্ষার ফি, নন-কলেজিয়েট ফি, আইসিটি ফি)। এ ছাড়া অনলাইনে ফরম পূরণ এবং পরীক্ষার ফি আদায় সহজকরণের লক্ষ্যে আর্কিমেইজ কর্তৃপক্ষকে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুযায়ী পরীক্ষার ফরম পূরনের শেষে প্রবেশপত্র ইস্যু হওয়ার পর বিভাগের লগইন থেকে ইনকোর্স নম্বরের তালিকা প্রিন্ট করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষর করে ০১টি কপি সীলগালাকৃত খামে "উপ-পরীক্ষা নিয়ন্ত্রক" বরাবর প্রেরনের নিমিত্তে রেজিষ্ট্রেশন শাখায় জমা দিতে হবে।

- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৪ সনের মাষ্টার্স শেষবর্ষ নিয়মিত, অনিয়মিত ও ফলোন্নয়ন পরীক্ষার ফরম পূরণের ১০/১২/২০২৫ তারিখের বিজ্ঞপ্তিটি কলেজের বিজ্ঞপ্তির সাথে স্ব স্ব বিভাগের নোটিশ বোর্ডে দেয়া এবং পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করার জন্য বিভাগীয় প্রধানদের অনুরোধ করা হল।

(অধ্যাপক ড.শামছুন নাহার)
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:

১। উপাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
৩। প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
৪। রেজিষ্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
৫। হিসাব রক্ষক, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
৬। সংরক্ষণ নথি।